

নন-এমপিও শিক্ষকদের আমরণ অনশন

## গুরুতর অসুস্থ হয়ে ৩ জন হাসপাতালে

নিজস্ব প্রতিবেদক > স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে পঞ্চম দিনের মতো অনশন অব্যাহত রেখেছেন নন-এমপিও শিক্ষকরা। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে অনশন করেছে 'নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন'। একই দাবিতে এর আগেও চার দিন তারা অবস্থান কর্মসূচি পালন করেছে। কিন্তু আন্দোলনের ৯ দিন পার হলেও কর্মসূচিতে তাদের খোঁজ নেয়নি শিক্ষা প্রশাসন। এদিকে গতকাল মঙ্গলবার অনশনরত তিনজন শিক্ষক গুরুতর অসুস্থ হয়ে পড়লে তাঁদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে (চামেক) ভর্তি করা হয়েছে। ফেডারেশনের নেতারা জানান, অনশনের কারণে গুরুতর অসুস্থ হয়ে পড়া শিক্ষকদের মধ্যে ঝিনাইদহের শহিদুল ইসলাম, যশোরের সাইফুল আলম, টাঙ্গাইলের নাছিম আক্তারকে ঢাকা মেডিক্যাল ভর্তি করা হয়েছে। শিক্ষক নেতা শফিকুল ইসলামসহ ৩০

থেকে ৪০ জনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। অনেক শিক্ষক স্যালাইন নিয়ে অনশনস্থলেই শুয়ে আছেন। গতকালও শিক্ষকদের অনশনের সঙ্গে সংহতি প্রকাশ করেছেন বিভিন্ন রাজনৈতিক দল, প্রতিষ্ঠান ও সংগঠনের নেতারা। এরই মধ্যে সিপিবি'র কেন্দ্রীয় নেতা রুহিন হোসেন প্রিন্স, বাসদের কেন্দ্রীয় নেতা রাজেকুজ্জামান রতন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মোশাহিদা সুলতানা অন্যতম। তাঁরা শিক্ষকদের ন্যায্য দাবি যেনে নিতে সরকারের প্রতি আহ্বান জানান। জয়পুরহাটের কালাই উপজেলার মোলাসগাড়া আদর্শ কলেজের অধ্যক্ষ মো. আবদুন ছলাম বলেন, 'আমার প্রতিষ্ঠান ২০০৩ সালে একাডেমিক স্বীকৃতি পায়। কিন্তু এখনো এমপিওভুক্তি হয়নি। সামান্য জমির ওপর আমার পাঁচ সদস্যের সংসার চলছে। বাচ্চাদের ঠিকমতো পড়ালেখা করতে পারছি না। মানুষের দয়ার ওপর বেঁচে আছি। এভাবে কত দিন থাকি যায়।'